

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.০৬.৫২২.১৬-৩৪৫

তারিখঃ ১৫ শ্রাবণ, ১৪২৬ বাং
৩০ জুলাই, ২০১৯ খ্রি.


বিষয়ঃ- ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপকারভোগীদের অস্থায়ী সংযুক্তি সমাপনান্তে তাদের আত্মকর্মসংস্থানের নিমিত্ত
ঋণ প্রদান সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং-৩৪.০১.০০০০.০২৯.১৮.৫২৭.১৭- ৮১০ তারিখঃ ১২/০৬/২০১৮খ্রি.।

উপরি-উক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্ণিত পত্রে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ১ম, ২য় ও ৩য় পর্বের ৮৫,৩২৪ জন এবং ৪র্থ পর্বের ১ম ব্যাচের ১৭,১৬৮জন উপকারভোগীর ২ বছরের অস্থায়ী সংযুক্তি সমাপ্ত হওয়ায় এ কর্মসূচির নীতিমালা অনুসরণে অস্থায়ী সংযুক্তি সমাপ্তকারীদের আত্ম-কর্মসংস্থান লাভে সহায়তা দানের নিমিত্ত নিজস্ব ঋণ তহবিল এবং কর্মসংস্থান ব্যাংকসহ অন্যান্য ব্যাংক হতে ঋণ গ্রহণের সুযোগ রয়েছে উল্লেখ করে প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপকারভোগীদের সামগ্রিক তথ্য সংরক্ষণের জন্য এ কার্যালয় হতে পত্র দেয়া হয়। অধিকন্তু প্রতিমাসে প্রদত্ত ছকে তথ্য প্রেরণের নির্দেশনা দেয়া হলেও সকল জেলা/উপজেলা হতে যথাসময়ে প্রতিবেদন পাওয়া যায়নি, যা মোটেই কাজিত নয়।

এমতাবস্থায়, ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপকারভোগীদের নিজস্ব ঋণ তহবিল এবং প্রদত্ত ঋণ সুবিধাসহ অন্যান্য উৎস হতে প্রদত্ত ঋণ-এর তথ্য প্রতিবেদন জরুরীভিত্তিতে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সেলে প্রেরণের জন্য বলা হলো। সেই সাথে প্রদত্ত ছক মোতাবেক তথ্যসহ মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে ইহা প্রেরণ করা হলো।


(আবুল হাছান খান)
যুগ্মসচিব
পরিচালক(পরিকল্পনা)

ও
পরিচালক(অঃ দাঃ)
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
ফোন : ০২-৯৫৬০৭০৩

- ০১। উপ-পরিচালক,(সংশ্লিষ্ট সকল),
যুব উন্নয়ন অধিদপ্তর----- জেলা।
- ০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, (সংশ্লিষ্ট সকল),
-----উপজেলা,-----জেলা।

অনুলিপিঃ

- ০১। উপ-সচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।